



## সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত আন্তর্জাতিক খতমে নবুয়ত সম্মেলন শুরু



সংগৃহীত ছবি

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আন্তর্জাতিক খতমে নবুয়ত মহাসম্মেলন অনুষ্ঠিত হয়েছে। দেশ ও বিদেশ থেকে আগত শতাধিক আলেম, মুরবিব এবং সাধারণ মুসল্লিরা এতে অংশগ্রহণ করেন। সম্মেলনের মূল উদ্দেশ্য ছিল খতমে নবুওয়তের পবিত্র আকিদা রক্ষা এবং বৈশ্বিক মুসলিম ঐক্যের আহ্বান জানানো। অনুষ্ঠানটি সকাল ৯টায় শুরু হয়ে দুপুর পর্যন্ত চলে। এতে দেশের নামকরা ওলামায়ে ক্বেরামদের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সম্মিলিত খতমে নবুয়ত পরিষদের আহ্বায়ক ও খতমে নবুয়ত সংরক্ষণ কমিটি বাংলাদেশের আমির মাওলানা আবদুল হামিদ (পীর সাহেব, মধুপুর)।

সম্মেলনে বিদেশি আলেমদের মধ্যে উপস্থিত ছিলেন জমিয়তে উলামায়ে ইসলাম পাকিস্তানের সভাপতি মুফতি ফজলুর রহমান, জমিয়তে উলামায়ে হিন্দ (ভারত) সভাপতি মাওলানা সাইয়্যিদ মাহমুদ মাদানি, বেফাকুল মাদারিসিল আরাবিয়া পাকিস্তানের মহাসচিব মাওলানা হানিফ জালন্দরি, ইন্টারন্যাশনাল খতমে নবুওয়ত মুভমেন্টের ওয়ার্ল্ড নায়েবে আমির শায়খ আব্দুর রউফ মক্কি, পাকিস্তানের ইউসুফ বিলুরী টাউন মাদরাসার নায়েবে মুহতামিম ড. আহমাদ ইউসুফ বিলুরী, ভারতের দারুল উলুম দেওবন্দের মুহতামিম মুফতি আবুল কাসেম নোমানী এবং মিসরের আল আজহার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শায়খ মুসআব নাবীল ইবরাহিম।

বাংলাদেশ থেকে অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন হেফাজতে ইসলামের আমির মাওলানা শাহ মুহিবুল্লাহ বাবুনগরী, দারুল উলুম হাটহাজারীর মুহতামিম মাওলানা খলিল আহমদ কুরাইশী, আল হাইয়াতুল উলিয়া ও বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের চেয়ারম্যান মাওলানা মাহমুদুল হাসান, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মুফতি মুহাম্মদ আব্দুল মালেক, ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম এবং বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হকসহ দেশের অন্যান্য খ্যাতিমান অর্ধশতাধিক আলেম।

মহাসম্মেলনে অংশগ্রহণকারীরা একযোগে খতমে নবুওয়তের পবিত্র আকিদা রক্ষা ও ইসলামী ঐক্য প্রতিষ্ঠার জন্য প্রার্থনা করেন এবং বিভিন্ন বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় মুসলিম সম্প্রদায়ের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।